প্রা: ১৯৯/ 20
তারিখ 05 JAN 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

আজকের কাগজ

05

# দীঘিনালায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ব্যাহত

খাগড়াছড়ি পার্বত্য জেলার দীঘিনালা থানার ৫৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে অধিকাংশ বিদ্যালয়ে নানা অনিয়মের কারণে ছাত্র-ছাত্রীদের দৈনন্দিন লেখাপড়া চরমভাবে ব্যাহত হচ্ছে। অনুসন্ধানে দেখা গেছে শিক্ষক স্বল্পতা, বদলিজনিত জটিলতা, শিক্ষক-শিক্ষিকাদের কর্তব্যে গাফিলতি, স্কুল গৃহের জীর্ণদশা, শিক্ষা উপকরণের অভাব, নিয়মিত পরিদর্শনের অভাব, নিয়মানুযায়ী শিক্ষা পদ্ধতি প্রয়োগ বা অনুসরণের অভাবই দীঘিনালা থানার প্রাথমিক শিক্ষা ব্যাহত হওয়ার প্রধান কারণ। কোনো কোনো স্কুলভবন দীর্ঘদিন যাবৎ প্রয়োজনীয় সংস্কারের অভাব থাকায় ছাত্র-ছাত্রীরা খোলা আকাশের নিচে লেখাপড়া করতে বাধ্য হচ্ছে।

দীঘিনালা থানায় প্রায় ৩৫ জন শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে। অধিকাংশ বিদ্যালয়ে আদৌ কোনো শিক্ষা উপকরণ না থাকায় বিনা উপকরণেই ত্রুটিপূর্ণ পাঠদান অব্যাহত রয়েছে। অবিলম্বে এ থানার প্রাথমিক শিক্ষা ব্যবস্থার বিরাজমান অব্যবস্থা নিরসন কল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণকরা প্রয়োজন। দীঘিনালা থেকে জাহাঙ্গীর।